

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

শিল্পনগরী, বগুড়া।

স্বারক নং-৩৬.০২.১০০০.০০০.৩৩.০২০.২০-২১

তারিখঃ-১১/০৮/২০২১ইং।

১৪(চৌদ)টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা বগুড়া জেলায় ফুলবাড়ীস্থ বিসিক শিল্পনগরীর অভ্যন্তরে বিদ্যমান নিম্ন বর্ণিত ১৪(চৌদ)টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য ঘোষ্যতা সম্পন্ন প্রকৃত কাঠ ব্যবসায়ীদের নিকট থেকে সিলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী নিলাম দাতাগণ নিম্নের উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিলামপত্র দাখিল করতে পারবেন।

ক্রমিক নং	গাছের নাম	অবস্থান	গাছের সংখ্যা	মন্তব্য
০১।	আম গাছ	বিসিক শিল্পনগরী, বগুড়া	০৬	
০২।	অর্জুন গাছ		০১	
০৩।	মেহগনী গাছ		০৪	
০৪।	বেল গাছ		০১	
০৫।	বড়ই গাছ		০১	
০৬।	কঁঠাল গাছ		০১	

শর্ত ও নিয়মাবলী

১. নিলাম সিডিউল আগামী-১২/০৮/২০২১ইং হতে ২২/০৮/২০২১খ্রি: বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে শিল্পনগরী কার্যালয়, বিসিক বগুড়া হতে টাঃ ৫০০/(পাঁচশত) জমা দিয়ে সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিনে কোন সিডিউল বিক্রয় করা হবে না। ২. নিলাম দরপত্র আগামী-২৩/০৮/২০২১খ্রি: সকাল ১০.০০ ঘটিকার থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত আঞ্চলিক কার্যালয় বিসিক, রাজশাহী ও শিল্পনগরী, বিসিক বগুড়া অফিসে রাঙ্কিত টেক্ডার বাক্সে জমা দেয়া যাবে। প্রাপ্ত সকল নিলাম দরপত্র এবং দিনই বিকাল ৮.০০ ঘটিকায় আঞ্চলিক পরিচালক বিসিক, রাজশাহী অফিসে (পৌছানো সাপেক্ষে) নিলামদাতাদের/তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে। উল্লেখ্য শিল্পনগরী, বিসিক বগুড়া কার্যালয়ে নিলাম জমা বাক্স খোলা হবে না। কোন দৈর দুর্বিপাক জনিত কারণে নিয়ন্ত্রণ দিনে নিলাম বাক্স খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে নিলাম বাক্স খোলা হবে।

৩. দরদাতাদের অবশ্যই কাঠ ব্যবসায়ে পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, কাঠ ব্যবসায়ে পূর্ব অভিজ্ঞতার বিবরণ, নিলাম মূল্য (ডাক মূল্য), উদ্বৃত্ত মূল্যের ১০% নিরাপত্তা জামানত ইত্যাদি তথ্য সরিবেশ পূর্বে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

৪. দরপত্রের সাথে কাঠ ব্যবসায়ে পূর্ব অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র দিতে হবে।

৫. নিলাম দরদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬. নিলাম দরদাতাকে দরপত্রে উদ্বৃত্ত মূল্যের ১০% (শতকরা দশ টাকা) নিরাপত্তা জামানত হিসেবে যে কোন তফসিলি বাণিজ্যিক ব্যাংক হতে শিল্পনগরী, বিসিক বগুড়ার অনুকূলে পে-অর্ডার আকারে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।


৭. নিলাম গ্রহণের পর গাছ কর্তৃ কর্তৃন জনিত কারণে গর্তের সৃষ্টি হলে নিলাম প্রাহীতাকে গর্ত রোধ কল্পে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কর্তৃনের সময় কোন প্রকার দুর্ঘটনা ঘটলে সে ক্ষেত্রে বিসিক কর্তৃপক্ষ দায়ি থাকবে না। নিলাম দাখিলের সময় নিলাম দরদাতাকে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর এতদসংক্রান্ত অংগীকার নামা প্রদান করতে হবে।

৮. (ক) নিলাম দরদাতার প্রদত্ত দর দরপত্র কমিটি কর্তৃক গৃহীত হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিলাম আদেশ পাবার ০৭ (সাত) দিনের মধ্যেই চুক্তি সম্পাদন করতে হবে এবং চুক্তি সম্পাদনের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যেই উদ্বৃত্ত মূল্যের সমুদয় টাকা পরিশোধ করে গাছ কাটার ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায় নিলাম আদেশ বাতিল বলে গণ্য হবে ও নিরাপত্তা জামানত বাজেয়ান্ত হবে। উল্লেখ্য, নিলাম গ্রাহীতাকে নিলাম মূল্য ছাড়াও সরকারি বিধি মোতাবেক ভ্যাট/আইটি প্রদান করতে হবে।

(খ) সর্বোচ্চ নিলামদাতা নিলাম আদেশ পাবার পর কোন ক্রমেই গাছ সাব নিলাম প্রদান করিতে পারিবেন না। সে ক্ষেত্রে নিলামের আদেশ বাতিল বলে গণ্য হবে।

৯. কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন নিলাম বা সকল অথবা তার অংশ বিশেষ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. টেক্ডার মূল্য অবশ্যই বন বিভাগ, বগুড়া কর্তৃক প্রদত্ত প্রাক্তিত মূল্যের বেশী হতে হবে।


১১০৮/২০২১

(এ,কে,এম মাহফুজুর রহমান)

উপমহাব্যবস্থাপক

বিসিক জেলা কার্যালয়, বগুড়া।

ফোন নং-০৫১-৬৬২৯৪।